

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
আইসিটি শাখা



...

সভাপতি	মোঃ ইউসুফ খান প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখ	১৭/০৯/২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনাঃ

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা/নির্ধারিত অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবানঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ০৩/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত ইনোভেশন আইডিয়া/উদ্যোগ যাচাই-বাছাইপূর্বক তথ্য বাতায়নে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। প্রাপ্ত ইনোভেশন আইডিয়া/উদ্যোগসমূহ একীভূত করে পরবর্তী ইনোভেশন মিটিং এ পর্যালোচনা করে দ্বৈততা পরিহারপূর্বক প্রাপ্ত আইডিয়ার তালিকা প্রস্তুত করা প্রয়োজন।

৩। ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ

সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ মোতাবেক ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হচ্ছে এবং কর্মপরিকল্পনার অনুচ্ছেদ মোতাবেক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রয়োজন।

৪। প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন সংক্রান্তঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান, বার্ষিক কর্মপরিকল্পনার ১২.১ কার্যক্রম অনুযায়ী ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি করতে হবে। মৎস্য অধিদপ্তরের যে সকল সেবা সহজিকরণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে সকল সেবা সহজিকরণের অগ্রগতি নিয়ে সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালার আয়োজন করা প্রয়োজন।

৫। শাখাভিত্তিক সফটওয়্যার তৈরিঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের সকল শাখার কার্যক্রমসমূহ ডিজিটাল পদ্ধতিতে

করার নিমিত্ত সকল শাখা থেকে সফটওয়্যার চাহিদা আহবান করা হয়। চাহিদা প্রাপ্তি সাপেক্ষে সফটওয়্যার সমূহের যৌক্তিকতা নিরূপণ এবং সফটওয়্যারসমূহের দ্বৈততা পরিহারের লক্ষ্যে একটি কর্মশালার আয়োজন প্রয়োজন।

৫। বিবিধঃ

ক) ই-নথি কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বার্ষিক কৌশলগত উদ্দেশ্যপত্র অনুযায়ী নম্বরের আওতাভুক্ত হওয়ায় বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সাথে বিবেচনা করে মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

খ) ২০১৯-২০২০ অর্থবছরে প্রাপ্ত উদ্ভাবকসমূহের মাঝে প্রশংসাসূচক পত্র প্রেরণ করা যেতে পারে। এতে উদ্ভাবনী কার্যক্রমের গতি বাড়বে।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন-

**সিদ্ধান্তসমূহঃ**

১। মাঠ পর্যায় থেকে ইনোভেশন আইডিয়াসমূহ আহবান ও একীভূত করনের সিদ্ধান্ত হয়;

২। সেবা সহজিকরণ সংক্রান্ত কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত হয়;


৩। ই-নথি কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত ToT (Training of Trainers) প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত হয়;

৪। উদ্ভাবকসমূহের মাঝে প্রশংসাসূচক পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়;

৫। শাখাভিত্তিক সফটওয়্যার চাহিদাসমূহ একীভূত করে এবং সংশ্লিষ্ট সকল শাখার অংশগ্রহণপূর্বক কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত হয়;

৬। ইনোভেশন সভার সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ ইউসুফ খান  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.৫৫

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) উপপ্রধান (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর

৫) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর

৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর